গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী
NILPHAMARI GOVT. COLLEGE, NILPHAMARI
website: https://ngc.edu.bd email: principalnilgc@yahoo.com Mobile: 01733390703

কলেজ কোড	
মাউশি	: সক ০১৬৭
ইআইআইএন	: ১২৫১৮৯
দিনাজপুর বোর্ড	: ৬৫০০
জাতীয় বিশ্ব	: ৩১০১



বিজ্ঞপ্তি নম্বর: নীঃসঃকঃ ২৯৪/২০২৬ তারিখ: ২৫/১১/২০২৬ খ্রি.

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির উপবৃত্তি প্রাপ্তির জন্য আবেদন ফরম জমাদানের বিজ্ঞপ্তি

অত্র কলেজের ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ভর্তিকৃত সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের সমন্বিত উপবৃত্তি কর্মসূচির উপবৃত্তির জন্য আবেদনের যোগ্য সকল শিক্ষার্থীর নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ পূর্বক বর্ণিত নির্দেশনা অনুযায়ী ফরম পূরণ করে প্রয়োজনীয় তথ্যাদি/ কাগজপত্র আগামী **০১/১২/২০২৬** খ্রি. তারিখের মধ্যে অত্র কলেজের নিম্নোক্ত বিভাগে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট শাখাওয়ারী জমা প্রদানের জন্য বলা হলো। বর্ণিত সময়ের পরে আর কোন আবেদন ফরম জমা নেয়া হবে না।

বিজ্ঞান শাখা : গণিত বিভাগ (জনাব আফসা খাতুন, সহকারী অধ্যাপক এঁর নিকট)
মানবিক শাখা ও ব্যবসায় শিক্ষা শাখা: দর্শন বিভাগ (জনাব মোঃ ছকিদুল ইসলাম, সহকারী অধ্যাপক এঁর নিকট)

- উপবৃত্তির আবেদন ফরম কলেজের ওয়েবসাইট https://ngc.edu.bd -এ পাওয়া যাবে। আবেদন ফরম সঠিক তথ্য দিয়ে পূরণ করতে হবে।
- শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সভাপতিত্বে গঠিত প্রাতিষ্ঠানিক পর্যায়ের আবেদন যাচাই-বাছাই কমিটি শিক্ষার্থীদের কাছ থেকে প্রাপ্ত আবেদনপত্রের তথ্যাদি যাচাই-বাছাই করবে। কমিটির সদস্যগণ প্রয়োজনে শিক্ষার্থীর বাড়ি পরিদর্শন করে আবেদনপত্রের তথ্যাদির সত্যতা যাচাই-বাছাই করবে। আবেদন ফরমে কোনো অসত্য তথ্য প্রদান বা অনিয়ম করা হলে তা শাস্তিযোগ্য অপরাধ হিসাবে বিবেচিত হবে; এরজন্য তথ্য প্রদানকারী/ শিক্ষার্থী দায়ী থাকবে।
- এসএসসি/ সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি।
- আবেদনকৃত শিক্ষার্থীর ১৭ সংখ্যার অনলাইন জন্মনিবন্ধন সনদের ফটোকপি বাংলা ও ইংরেজি।
- পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নম্বর (NID) ১০ অথবা ১৭ সংখ্যা দিতে হবে। ১৩ সংখ্যার জাতীয় পরিচয়পত্রের ক্ষেত্রে প্রথমে জন্ম সালের ৪ ডিজিট বসিয়ে ১৭ সংখ্যায় রূপান্তর করতে হবে।
- শিক্ষার্থীর অভিভাবক হবেন পিতা অথবা মাতা। কেবল পিতা মাতার জীবিত না থাকলে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/ নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচন করা যাবে।
- একাদশ শ্রেণিতে অধ্যয়নরত যে সকল শিক্ষার্থীরা সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি পাচ্ছে বা এই কর্মসূচির সফটওয়্যার HSP-MIS এ নাম এন্ট্রি আছে তাদের একাউন্ট খোলার প্রয়োজন নাই। তবে উক্ত শ্রেণিসমূহে অধ্যয়নরত যে সকল শিক্ষার্থীরা উপবৃত্তি পায়না কেবল সে সকল শিক্ষার্থীদের/অভিভাবকের নামে একাউন্ট খুলতে হবে।
- পিতা অথবা মাতার নামে যে কোন তফসিলী ব্যাংক/এজেন্ট ব্যাংকে অনলাইন একাউন্ট থাকলে অথবা নতুনভাবে খুলে সংশ্লিষ্ট শিক্ষার্থী তার পিতা অথবা মাতা অর্থাৎ যার নামে একাউন্ট তাকে অভিভাবক হিসেবে উল্লেখ করে আবেদনের মাধ্যমে উপবৃত্তির অর্থ গ্রহণ করতে পারবে।
- পিতা অথবা মাতা কেহ জীবিত না থাকলে অন্যান্য অভিভাবক হিসাবে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-এর যেকোন একজনকে অভিভাবক হিসেবে উল্লেখ করে কোন তফসিলী ব্যাংক/এজেন্ট ব্যাংকে শিক্ষার্থীর নামে স্কুল ব্যাংকিং একাউন্ট খুলে আবেদনের মাধ্যমে উপবৃত্তির অর্থ গ্রহণ করা যাবে। উল্লেখ্য, যাকে অভিভাবক হিসেবে উল্লেখ করা হবে তার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে ব্যাংকে একাউন্ট খুলতে হবে।
- পিতা অথবা মাতা জীবিত থাকলেই কেবল শিক্ষার্থী মোবাইল ব্যাংকিং একাউন্ট ব্যবহার করে সমন্বিত উপবৃত্তির অর্থ গ্রহণ করতে পারবে। এক্ষেত্রে পিতা অথবা মাতার মধ্যে যে-কোন একজনকে অভিভাবক হিসেবে উল্লেখ করতে হবে। পিতা ও মাতার মধ্যে যাকে অভিভাবক হিসেবে উল্লেখ করা হবে তার জাতীয় পরিচয় পত্র (NID) ব্যবহার করে মোবাইল সিম (SIM) রেজিস্ট্রেশনসহ মোবাইল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে। যেমন- পিতার NID ব্যবহার করে মোবাইল সিম (SIM) রেজিস্ট্রেশন করা হলে পিতার NID দ্বারাই পিতার নামে মোবাইল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে। একাউন্ট খোলার সময় অবশ্যই KYC ফরম পূরণ করে অনলাইনে সাবমিট করতে হবে। উক্ত পদ্ধতির কোনরূপ ব্যতিক্রম হলে G to P পদ্ধতিতে অর্থ প্রাপ্তি সম্ভব হবে না।
- উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP MIS সফটওয়্যারে এন্ট্রি করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। আবেদনকারী শিক্ষার্থীর প্রদত্ত তথ্যাদি HSP MIS সফটওয়্যারের মাধ্যমে বিশ্লেষণ করে উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হয়। এক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ শুধুমাত্র তার আবেদন যাচাই বাছাই করে HSP MIS -এ এন্ট্রি করবে।

প্রতিস্বাক্ষর
(প্রফেসর এ কে এম সিদ্দিকুর রহমান)
অধ্যক্ষ
নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।

(মোঃ মাসুদ রানা)
আহ্বায়ক ২৫.১১.২০২৬
উপবৃত্তি বন্টন কমিটি/ ২০২৬-২০২৭
নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল ঃ
০১। উপাধ্যক্ষ, অত্র কলেজ।
০২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ।
০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নীলফামারী।
০৪। জনাব ....., অভিভাবক প্রতিনিধি।
০৫। নোটিশ বোর্ড, অত্র কলেজ।